সমকাল

তারিখ 27 OCT 2016
পৃষ্ঠা 2 কলাম 8

# বগুড়া আজিজুল হক কলেজ ছাত্রলীগের কমিটি বিলুপ্ত

## সভাপতি বহিষ্কার

■ বগুড়া ব্যুরো

বগুড়ার সরকারি আজিজুল হক কলেজ ছাত্রলীগের কমিটি বিলুপ্ত করা হয়েছে। বহিষ্কার করা হয়েছে কমিটির সভাপতি বেনজীর আহমেদকে। গত মঙ্গলবার রাতে ছাত্রলীগ কেন্দ্রীয় কমিটির এক জরুরি সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। কেন্দ্রীয় কমিটির সভাপতি সাইফুর রহমান সোহাগ ও সাধারণ সম্পাদক এসএম জাকির হোসেন স্বাক্ষরিত চিঠিতে সাত দিনের মধ্যে নতুন কমিটি গঠনেরও নির্দেশ দেওয়া হয়েছে।

২০১৫ সালের ১২ মে বেনজীর আহমেদকে সভাপতি ও আসলাম হোসেনকে সাধারণ সম্পাদক করে ওই কমিটি গঠন করা হয়। দ্রুত সময়ের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি গঠনের কথা থাকলেও প্রায় দেড় বছরে তা হয়নি। ছাত্রলীগ বগুড়া জেলা শাখার ■ পৃষ্ঠা ৪ : কলাম ৮

## বগুড়া আজিজুল হক

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

সভাপতি নাইমুর রাজ্জাক তিতাস জানান, কেন্দ্রের বেঁধে দেওয়া সময়ের মধ্যে নতুন কমিটি গঠনের উদ্যোগ নেওয়া হবে।

কেন্দ্র থেকে পাঠানো চিঠিতে বেনজীরকে বহিষ্কারের কোনো কারণ উল্লেখ করা হয়নি। তবে সংগঠনের জেলা কমিটির নেতারা জানিয়েছেন, বেনজীর আহমেদের সাম্প্রতিক কর্মকাণ্ড বিশেষত সংগঠনকে ব্যক্তিস্বার্থে ব্যবহারের চেষ্টা এবং বেপরোয়া স্বভাবের কারণে ছাত্রলীগের কেন্দ্রীয় নেতারা তার প্রতি অসন্তুষ্ট ছিলেন। বেনজীরের কর্মকাণ্ড তদন্ত করতে চলতি মাসের শুরুতে ছাত্রলীগের কেন্দ্রীয় সহসভাপতি জাহাঙ্গীর আলমের নেতৃত্বে চার সদস্যের একটি দল বগুড়া সফর করেন। নাইমুর রাজ্জাক তিতাস জানান, কেন্দ্র থেকে পাঠানো তদন্ত টিম ঢাকায় ফিরে যাওয়ার কয়েক দিন পর জরুরি সভা করে সরকারি আজিজুল হক কলেজ কমিটি বিলুপ্ত এবং বেনজীর আহমেদকে বহিষ্কারের সিদ্ধান্ত নেওয়া হয়। দলীয় শৃঙ্খলাভঙ্গের কারণেই তাকে বহিষ্কার করা হয়েছে বলে আমি জানতে পেরেছি।